



ঢাকা-৯ আসনে মনোনয়ন ফরম সংগ্রহ করলেন এনসিপির তাসনিম জারা



সংগৃহীত ছবি

ঢাকা-৯ আসনে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে প্রার্থী হওয়ার জন্য মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন দলের সিনিয়র যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা।
সোমবার (১০ নভেম্বর) রাত ১০টার দিকে রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী প্রধান কার্যালয় থেকে তিনি ফরম সংগ্রহ করেন।
ঢাকা-৯ আসনটি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ১ থেকে ৭ এবং ৭১ থেকে ৭৫ নম্বর ওয়ার্ড, এছাড়া সবুজবাগ, খিলগাঁও, মুগদা ও মাভা থানাকে নিয়ে গঠিত। এই আসনে বিএনপি এখনও প্রার্থী ঘোষণা করেনি। অন্যদিকে, বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী হিসেবে দাঁড়াচ্ছেন কবির আহমদ।

LENS ASIA